NS-EDCN

Q.P. Sl. No. 086535

# EDUCATION

## ( New Syllabus )

## 2025

Total Time : 3 Hours 15 minutes ] [ Total Marks : 80

- পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে । বর্ণাশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে । উপান্তে প্রশ্নের পূর্ণমান সূচিত আছে ।
- ***Special credit will be given for answers which are brief and to the point. Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting. Figures in the margin indicate full marks for the questions.***
- ***संक्षिप्त तथा बिंदुवार (सटीक) उत्तर के लिए विशेष अंक दिया जायेगा। वर्तनी अशुद्धि, अव्यवस्थित तथा खराब लिखावट के मामले में अंक काटा जायेगा। उपांत के अंक पूर्णांक के द्योतक हैं।***

### নির্দেশাবলি :

- এই প্রশ্নপুস্তিকাটির পৃষ্ঠা সংখ্যা **40.**
- এই প্রশ্নপুস্তিকাটি ত্রিভাষিক — বাংলা, ইংরাজী এবং হিন্দী। যদি কোনো ক্ষেত্রে সন্দেহ বা বিভ্রান্তির সৃষ্টি হয়, সেক্ষেত্রে ইংরাজী ভাষাই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- প্রদত্ত নির্দেশ অনুসারে প্রশ্নের উত্তর দাও। মূল উত্তরপত্রেই কেবল প্রশ্নের উত্তর দিতে হবে, অন্যত্র নয়।
- প্রয়োজন অনুযায়ী মূল উত্তরপত্রে রাফ / খসড়া কার্য করা যাবে এবং শেষে কোনাকুনি ভাবে কেটে দেবে।

| ভাষান্তর/Versions /भाषा | পৃষ্ঠা থেকে/From Page/पृष्ठ से | পৃষ্ঠা পর্যন্ত /To Page/पृष्ठ तक |
|---|---|---|
| বাংলা/Bengali/बांग्ला | 3 | 14 |
| ইংরাজী/English/अंग्रेजी | 15 | 26 |
| হিন্দী/Hindi /हिन्दी | 27 | 38 |

- এই প্রশ্নপুস্তিকার শেষ পৃষ্ঠায় প্রদত্ত ইংরাজী এবং হিন্দী নির্দেশাবলি পড়ো।
- **READ THE INSTRUCTIONS IN ENGLISH & HINDI AT THE LAST PAGE OF THIS QUESTION BOOKLET.**
- **प्रश्न पुस्तिका के अन्त में दिये गये अंग्रेजी तथा हिन्दी में निर्देशों को पढ़ें।**

এই প্রশ্নপুস্তিকাটি রিভার্স জ্যাকেট দ্বারা বন্ধ করা আছে। পরীক্ষার্থীকে প্রশ্নপুস্তিকাটি খোলার জন্য নির্দেশিত দিকেই কাটতে হবে।

**This Question Booklet is sealed by Reverse Jacket. The candidate has to cut the jacket to open the booklet shown on the opening side of the Question Booklet.**

**यह प्रश्न पुस्तिका रिवर्स जैकेट द्वारा सील की गयी है। परीक्षार्थी को प्रश्न पुस्तिका के खुलने की तरफ प्रदर्शित जैसे जैकेट को काटकर खोलना है।**

**বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলির (MCQ) এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলির (SAQ) উত্তর, উত্তরপত্রে প্রদত্ত নির্দিষ্ট ছাপানো TABLE-এ লিখতে হবে।**

## ( বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলি )

1. প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

$1 \times 24 = 24$

(i) 'সপ্ত প্রবাহ'–এর কথা নিম্নের কোন্ কমিশনে বলা হয়েছে ?

(A) রাধাকৃষ্ণান কমিশন

(B) কোঠারি কমিশন

(C) মুদালিয়ার কমিশন

(D) জাতীয় শিক্ষানীতি, 1986.

(ii) রাশিবিজ্ঞানে একটি পরিসংখ্যা 12 হলে Tally চিহ্ন হবে

(A) 

(B) 

(C) 

(D) 

sciencemaster.in

(iii) 4, 6, 8, 7, 5, 14, 16 স্কোরগুলির মধ্যমা হলো

(A) 8 (B) 5

(C) 14 (D) 7.

(iv) রাশিবিজ্ঞানে 'N' দ্বারা বোঝানো হয়

(A) গড় (B) মধ্যমা

(C) ভূয়িষ্ঠক (D) রাশিমালার সংখ্যা।

(v) 'প্রচেষ্টা ও ভ্রান্তির' শিখন কৌশল তত্ত্বের অপর নাম

(A) প্রাচীন অনুবর্তন তত্ত্ব (B) অপারেন্ট অনুবর্তন তত্ত্ব

(C) Bond theory (D) অন্তর্দৃষ্টির তত্ত্ব।

(vi) গ্যানের আট প্রকার শিখনের শেষ পর্যায়ের নাম কী ?

(A) সমস্যা সমাধান শিখন (B) ধারণা শিখন

(C) নিয়ম শিখন (D) সংকেতমূলক শিখন।



sciencemaster.in

(vii) প্রাচীন অনুবর্তন হলো

(A) R-type

(B) E-type

(C) M-type

(D) S-type.

(viii) পরিনমন হলো এক ধরনের

(A) স্বাভাবিক বিকাশ প্রক্রিয়া

(B) আদেশ নির্ভর প্রক্রিয়া

(C) সামাজিক প্রক্রিয়া

(D) শর্ত নির্ভর প্রক্রিয়া।

(ix) 'কেলাসিত বুদ্ধি' কথাটির প্রবক্তা হলেন

(A) থার্স্টোন

(B) গার্ডনার

(C) ক্যাটেল

(D) ভার্নন।

(x) 'ঠোঁট নাড়া' পদ্ধতি (Lip movement) ব্যবহৃত হয় ............ শিক্ষায়।

(A) মানসিক প্রতিবন্ধীদের

(B) দৃষ্টিহীনদের

(C) মূক ও বধিরদের

(D) প্রক্ষোভজনিত সমস্যায় আক্রান্তদের

sciencemaster.in

(xi) 'জাতীয় বয়স্ক শিক্ষা কর্মসূচী' (NAEP) কার্যকরী হয়

(A) 1986 সালে
(B) 1987 সালে
(C) 1978 সালে
(D) 2001 সালে।

(xii) কম্পিউটার সহযোগী শিখন হলো

(A) CAL
(B) CMI
(C) CBT
(D) CAI.

(xiii) 'কর্মের জন্য শিক্ষা' হলো

(A) বৌদ্ধিক শিক্ষা
(B) নৈতিক শিক্ষা
(C) শিক্ষায় সক্রিয় অংশগ্রহণ করা
(D) পারদর্শিতার শিক্ষা।

sciencemaster.in

(xiv) ভারতের সংবিধানের কত নং ধারায় তপশীলি জাতি ও উপজাতিদের শিক্ষার কথা বলা হয়েছে ?

(A) 16 নং ধারা (B) 46 নং ধারা

(C) 45 নং ধারা (D) 28 নং ধারা।

(xv) শিক্ষাবিজ্ঞানে প্রযুক্তিবিদ্যার উদাহরণ হলো

(A) রেডিও (B) ইন্টারনেট

(C) ওভারহেড প্রোজেক্টর (D) উপরের সবগুলি।

(xvi) মনোযোগের একটি অভ্যন্তরীণ উদ্দীপক হলো

(A) তীব্রতা (B) মেজাজ

(C) আকার (D) গতিশীলতা।

(xvii) আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়

(A) 15 ই সেপ্টেম্বর (B) 10 ই সেপ্টেম্বর

(C) 8 ই সেপ্টেম্বর (D) 24 শে মার্চ।

sciencemaster.in

(xviii) বহুমুখী বিদ্যালয়ের কথা কোন্ কমিশনে উল্লেখ আছে ?

(A) কোঠারি কমিশন

(B) রাধাকৃষ্ণান কমিশন

(C) মুদালিয়ার কমিশন

(D) জাতীয় শিক্ষানীতি, 1986.

(xix) নিম্নলিখিত কোন্‌টি কোঠারি কমিশনের সুপারিশ ?

(A) অপারেশন ব্ল্যাকবোর্ড (B) +2 স্তর

(C) গ্রামীণ বিশ্ববিদ্যালয় (D) বহুমুখী বিদ্যালয়।

(xx) কত সালে রামমূর্তি কমিটি গঠিত হয়েছিল ?

(A) 1990 (B) 1986

(C) 1991 (D) 1992.

sciencemaster.in

(xxi) একটি প্রাক্-প্রাথমিক শিক্ষালয়ের নাম হলো

(A) বুনিয়াদি শিক্ষা (B) মাধ্যমিক বিদ্যালয়

(C) পলিটেকনিক (D) মন্তেসরি স্কুল।

(xxii) CABE-এর পুরো নাম কী ?

(A) Central Advisory Board of Education

(B) Central Advance Board of Education

(C) Central Advice Board of Education

(D) Centre of Advance Education.

(xxiii) POA কথাটির পূর্ণরূপ হলো

(A) Programme of Act

(B) Progress of Act

(C) Progress of Action

(D) Programme of Action.

sciencemaster.in

(xxiv) কোঠারি কমিশনের রিপোর্ট জমা পড়ে

(A) Education and National Development–এর নামে

(B) Education and State Development–এর নামে

(C) State and National Development–এর নামে

(D) State and National Scheme–এর নামে।

( সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলি )

2. নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও ( বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয় )

1 ×

(i) 'আগ্রহের' সংজ্ঞা দাও।

অথবা

প্রেষণার একটি বৈশিষ্ট্য লেখো।

(ii) 'শিখনের' সংজ্ঞা দাও।

(iii) স্পীয়ারম্যানের বুদ্ধি সংক্রান্ত তত্ত্বে 'G' factor কী ?

অথবা

বুদ্ধির একটি বৈশিষ্ট্য লেখো।

(iv) অপানুবর্তন কী ?

sciencemaster.in

(v) পরিসংখ্যা বণ্টন গঠনের সময় ট্যালি চিহ্ন ব্যবহার করা হয় কেন ?

অথবা

রাশিবিজ্ঞানে শ্রেণি ব্যবধান বলতে কী বোঝো ?

(vi) UGC-এর পূর্ণরূপটি কী ?

(vii) প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে 'অনুন্নয়ন' বলতে কী বোঝো ?

অথবা

শিক্ষাক্ষেত্রে 'অপচয়' বলতে কী বোঝো ?

(viii) মুদালিয়ার কমিশনের সুপারিশ অনুসারে 'ইন্টারমিডিয়েট' শিক্ষা কী ?

(ix) NCTE-এর পূর্ণরূপটি কী ?

অথবা

AICTE-এর পূর্ণরূপটি কী ?

(x) SABE-এর পূর্ণরূপটি কী ?

(xi) ভারতে দৃষ্টিহীনদের জন্য প্রথম বিদ্যালয় কোথায় প্রতিষ্ঠিত হয় ?

অথবা

বধিরদের দুটি শিক্ষা পদ্ধতির নাম লেখো।

sciencemaster.in

(xii) সর্বশিক্ষা অভিযান কবে থেকে কার্যকর হয় ?

অথবা

কত সালে UNESCO শিক্ষায় 'অন্তর্ভুক্তিকরণের' উপর গুরুত্ব দেয় ?

(xiii) RFLP-এর পূর্ণরূপটি লেখো।

অথবা

ECCE-এর পূর্ণরূপটি লেখো।

(xiv) LAN বলতে কী বোঝো ?

অথবা

WAN বলতে কী বোঝো ?

(xv) IIT-এর পূর্ণরূপটি লেখো।

অথবা

ITI-এর পূর্ণরূপটি লেখো।

(xvi) ডেলর কমিশনের প্রতিবেদনটি কোন্ শিরোনামে প্রকাশিত হয়েছিল ?

অথবা

ডেলর কমিশনের চারটি স্তম্ভের নাম লেখো।

sciencemaster.in

3. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $4 \times 1 = 4$

(a) সর্বশিক্ষা মিশন কী ? সর্বশিক্ষা মিশন সফল করতে পশ্চিমবঙ্গ সরকারের গৃহীত দুটি উল্লেখযোগ্য পদক্ষেপ আলোচনা করো। $2 + 2$

(b) দৃষ্টিহীন শিশুদের শিক্ষার প্রধান উদ্দেশ্যগুলি কী কী ? 4

4. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $4 \times 1 = 4$

(a) শিক্ষার একটি উদ্দেশ্য হলো 'একত্রে বসবাসের জন্য শিক্ষা' — কীভাবে শিক্ষা দ্বারা এই উদ্দেশ্য পূরণ সম্ভব ? 4

(b) ভাষা পরীক্ষাগার কী ? হার্ডওয়্যার ও সফটওয়্যার-এর মধ্যে দুটি উল্লেখযোগ্য পার্থক্য বলো। $2 + 2$

5. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $8 \times 2 = 16$

(a) বুদ্ধির সংজ্ঞা দাও। সাধারণ মানসিক ক্ষমতা ও বিশেষ মানসিক ক্ষমতার পার্থক্যগুলি লেখো। $2 + 6$

(b) অনুবর্তন কাকে বলে ? প্রাচীন অনুবর্তনের পরীক্ষাটি বর্ণনা করো। $2 + 6$

sciencemaster.in

(c) কেন্দ্রীয় প্রবণতার সংজ্ঞা দাও। নিম্নলিখিত পরিসংখ্যা বণ্টনটির ভূয়িষ্ঠক (Mode) নির্ণয় করো : 2 + 6

| স্কোর | 41-45 | 46-50 | 51-55 | 56-60 | 61-65 | 66-70 | 71-75 | 76-80 |
|---|---|---|---|---|---|---|---|---|
| পরিসংখ্যা ( $f$ ) | 4 | 5 | 6 | 10 | 6 | 3 | 4 | 2 |

N = 40.

6. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $8 \times 2 = 16$

(a) মাধ্যমিক শিক্ষা কমিশন কত সালে গঠিত হয় ? ঐ শিক্ষা কমিশনের সুপারিশ অনুযায়ী মাধ্যমিক শিক্ষার গঠন ও পাঠ্যক্রম বর্ণনা করো। 2 + 6

(b) জাতীয় শিক্ষানীতি, 1986-এর মূল সুপারিশগুলি আলোচনা করো। 8

(c) প্রাথমিক শিক্ষা সংক্রান্ত কোঠারি কমিশনের সুপারিশগুলি আলোচনা করো। 8

sciencemaster.in